গ্রিন ব্যাংকিং এন্ড সিএসআর ডিপার্টমেন্ট

১০ (দশ) টাকা ও ১০০/-(একশত) টাকায় খোলা ব্যাংক হিসাবের মাসিক অগ্রগতি প্রতিবেদন।

(অক্টোবরর ৩১, ২০১৪ ভিত্তিক)

বাংলাদেশ ব্যাংকের চলমান আর্থিক অন্তর্ভুক্তি (Financial Inclusion) কার্যক্রমের আওতায় বিআরপিডি সার্কুলার নং-০১/২০১০, ০৭/২০১০, ২৯/২০১০, ০৪/২০১১, ০৫/২০১১, ০৮/২০১১, ১৭/২০১২; জিবিসিএসআরডি সার্কুলার নং-০১/২০১৩, ০৩/২০১৩ এর মারফত কৃষক, অতি দরিদ্র, মুক্তিযোদ্ধা, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী, ক্ষুদ্র জীবন বীমা পলিসি গ্রহীতা, অতি-দরিদ্র মহিলা, আইলা দুর্গত ব্যক্তি, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের দুঃস্থ পুনর্বাসনের অনুদানপ্রাপ্ত ব্যক্তিবর্গের এবং ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিকদের জন্য ১০(দশ) টাকা ও ১০০(একশত) টাকা জমাকরণপূর্বক ব্যাংক হিসাব খোলার জন্য সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান করা হয়। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার আলোকে সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক সোনালী ব্যাংক লিঃ, জনতা ব্যাংক লিঃ, অগ্রণী ব্যাংক লিঃ, রূপালী ব্যাংক লিঃ এবং বিশেষায়িত ব্যাংক বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ ও বেসিক ব্যাংক লিঃ এ ১০/- টাকা এবং ১০০/- টাকা জমাকরণের মাধ্যমে উল্লেখিত খাতে ব্যাংক হিসাব খোলার কার্যক্রম অব্যাহত আছে। আর্থিক অন্তর্ভুক্তির আওতায় সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকসমূহে ১০ (দশ) টাকা ও ১০০/-(একশত) টাকায় খোলা বিভিন্ন খাতভুক্ত হিসাবসমূহের অক্টোবর ৩১, ২০১৪ ভিত্তিক মাসিক অগ্রগতির সংখ্যাচিত্র ও রেখাচিত্র নিম্নে উপস্থাপিত হলোঃ

ছক-১ঃ কৃষকের ১০/- টাকায় ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির তথ্য

ব্যাংকের নাম	অক্টোবর মাসে খোলা মোট হিসাব	মাসান্তে মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা
সোনালী ব্যাংক লিঃ	১৯০	২,২৮০,৪৩৯
জনতা ব্যাংক লিঃ	৩৬৩	১,৪৯৫,০৪৬
অগ্রনী ব্যাংক লিঃ	৭৮	১,৪৭৮,৩১৬
রূপালী ব্যাংক লিঃ	০	৫০৩,০০০
বাংলাদেশ কৃষি ব্যাংক	০	২,৫৩২,৫৯৬
বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ	০	১
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	০	১,৪৩০,৮৭৩
বেসিক ব্যাংক লিঃ	৬৯	৮০১
মোট	**৭০০**	**৯,৭২১,০৭২**

অক্টোবর মাসে কৃষকের ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির চিত্র (চিত্র- ১ ও চিত্র- ২)



চিত্রঃ ২- অক্টোবর মাসে মোট পুঞ্জীভূত হিসাব



বিশ্লেষণঃ ছক-১ এর তথ্য অনুসারে ২০১৪ সালের অক্টোবর মাসে চারটি ব্যাংকে (সোনালী ব্যাংক লিঃ, জনতা ব্যাংক লিঃ, অগ্রণী ব্যাংক লিঃ, ও বেসিক ব্যাংক লিঃ) কৃষকের ১০/- টাকায় ব্যাংক হিসাব খোলা হয়েছে। এর মধ্যে সবচেয়ে বেশী সংখ্যক হিসাব খোলা হয়েছে জনতা ব্যাংকে (৩৬৩)। অক্টোবর মাস পর্যন্ত আটটি ব্যাংকে সর্বমোট ৯,৭২১,০৭২টি (সাতানব্বই লক্ষ একুশ হাজার বাহাত্তর) কৃষকের ব্যাংক হিসাব খোলা হয়েছে, যেখানে সেপ্টেম্বর মাসে এ হিসাবের সংখ্যা ছিল ৯,৭২০,৪১২টি (সাতানব্বই লক্ষ বিশ হাজার চারশত বার)। চলতি মাস পর্যন্ত এ খাতে বেশী পুঞ্জীভূত হিসাব রয়েছে বাংলাদেশ কৃষি ব্যাংকে (২,৫৩২,৫৯৬)। বাংলাদেশ কৃষি ব্যাংক, রূপালী ব্যাংক লিঃ, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক চলতি মাসে কৃষকের জন্য কোন হিসাব খোলেনি। উল্লেখ্য, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ এ ১০/- টাকার কৃষকের হিসাব সংখ্যা সর্বনিম্ন ১টি এবং বেসিক ব্যাংক লিঃ এর মোট হিসাব সংখ্যা মোট ৮০১ টি।

গ্রিন ব্যাংকিং এন্ড সিএসআর ডিপার্টমেন্ট

ছক-২ঃ ১০/- টাকায় (কৃষকের হিসাব ব্যতীত) ও ১০০/-টাকায় ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির তথ্য

ব্যাংকের নাম	অক্টোবর মাসে খোলা মোট হিসাব সংখ্যা				
	সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী	মুক্তিযোদ্ধা	ক্ষুদ্র জীবন বীমা গ্রহীতা (৳১০০/- হিসাব)	অন্যান্য ১০/- টাকার হিসাব*	মোট
সোনালী ব্যাংক লিঃ	৪৬৭৪	৯০৯	০	২৫৭৭	৮১৬০
জনতা ব্যাংক লিঃ	৩৩৩১	১২৪	৫৮	২৩৬২	৫৮৭৫
অগ্রনী ব্যাংক লিঃ	৯৪	০	১	১,৬৬২	১৭৫৭
রূপালী ব্যাংক লিঃ	০	০	০	০	০
বাংলাদেশ কৃষি ব্যাংক	০	০	১৩	০	১৩
বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ	০	০	৭	০	৭
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	০	০	০	০	০
বেসিক ব্যাংক লিঃ	০	০	০	০	০
মোট	**৮,০৯৯**	**১,০৩৩**	**৭৯**	**৬,৬০১**	**১৫,৮১২**

ব্যাংকের নাম	মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা (সংশ্লিষ্ট মাস পর্যন্ত মোট)				
	সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী	মুক্তিযোদ্ধা	ক্ষুদ্র জীবন বীমা গ্রহীতা (৳১০০/- হিসাব)	অন্যান্য ১০/- টাকার হিসাব*	মোট
সোনালী ব্যাংক লিঃ	১,৫৬২,৮৭৩	১৪২,৪৭৮	৪,৯৪৬	৪২৫,৮২৭	২,১৩৬,১২৪
জনতা ব্যাংক লিঃ	৩৮৬,৮৬৫	১,৪১৬	২,৭৩৮	১০০,৫৯২	৪৯১,৬১১
অগ্রনী ব্যাংক লিঃ	৩৯২,৬০৪	১,১১৬	১,০৩৮	১২৯,৪৫৬	৫২৪,২১৪
রূপালী ব্যাংক লিঃ	৪০,৩৩৯	৩৪০	১,১০৯	১১৩,৩৫৫	১৫৫,১৪৩
বাংলাদেশ কৃষি ব্যাংক	৫৮৪,০১৪	২,৫১১	৫,০১৪	৩২৭,৮৪১	৯১৯,৩৮০
বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ	০	১	১৭	০	১৮
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	২৫৪,৩৮৪	৮১০	২,০৪৮	১২০,২৭২	৩৭৭,৫১৪
বেসিক ব্যাংক লিঃ	০	১	২৩	৩	২৭
মোট	**৩,২২১,০৭৯**	**১৪৮,৬৭৩**	**১৬,৯৩৩**	**১,২১৭,৩৪৬**	**৪,৬০৪,০৩১**

*(হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট হতে অনুদানপ্রাপ্ত দুঃস্থ ব্যক্তি, অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় সুবিধাভোগী শ্রমিক, আইলা দূর্গত ব্যক্তি, ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিক ইত্যাদি ।)

চিত্র-৩ ও ৪ ঃ ১০/- টাকায় (কৃষকের হিসাব ব্যতীত) ও ১০০/-টাকায় ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির চিত্র





বিশ্লেষণঃ ছক-২ এর তথ্য অনুসারে ২০১৪ সালের অক্টোবর মাসে ১০/- টাকায় (কৃষকের হিসাব ব্যতীত) ও ১০০/-টাকায় ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে শীর্ষে রয়েছে সোনালী ব্যাংক লিঃ। এ মাসে জনতা ব্যাংকে কৃষকের হিসাব ব্যতীত সকল শ্রেণীর ১০/- টাকা ও ১০০/-টাকায় মোট ৮১৬০টি হিসাব খোলা হয়েছে। এর মধ্যে এ ব্যাংকে সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী হিসাব খাতে সর্বোচ্চ ৪৬৭৪টি হিসাব খোলা হয়েছে। উল্লেখ্য যে, রুপালী ব্যাংক লিঃ, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এবং বেসিক ব্যাংক লিঃ ২০১৪ সালের সেপ্টেম্বর মাসে ১০/- টাকায় (কৃষকের হিসাব ব্যতীত) ও ১০০/-টাকায় কোন হিসাব খুলেনি। মোট পুঞ্জীভূত হিসাবের ক্ষেত্রে সর্বোচ্চ অবস্থানে আছে সোনালী ব্যাংক লিঃ (মোট ২,১৩৬,১২৪টি হিসাব)। বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ এবং বেসিক ব্যাংক লিঃ এর হিসাব সংখ্যা অন্যান্য ব্যাংকের তুলনায় সর্বনিম্ন।

ছক-৩ঃ কৃষকের হিসাবসহ ১০/- টাকায় ও ১০০/-টাকায় হিসাব খোলার মাসিক অগ্রগতির তুলনামূলক তথ্য

খাতের নাম	সেপ্টেম্বর মাসে খোলা হিসাব	সেপ্টেম্বর মাসান্তে মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা	অক্টোবর মাসে খোলা হিসাব	অক্টোবর মাসান্তে মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা	হিসাব সংখ্যা হ্রাস/বৃদ্ধি
কৃষক	২,৮৮০	৯,৭২০,৪১২	৭০০	৯,৭২১,০৭২	৬৬০
সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী	৮,২৯৯	৩২১২৯৮০	৮,০৯৯	৩,২২১,০৭৯	৮,০৯৯
মুক্তিযোদ্ধা	২,২৯৯	১৪৭,৬৪০	১,০৩৩	১৪৮,৬৭৩	১,০৩৩
ক্ষুদ্র জীবন বীমা গ্রহীতা (১০০/ টাকার হিসাব)	১৮৯	১৮,১৩১	৭৯	১৬,৯৯৩	(১১৩৮)
অন্যান্য ১০/-টাকার হিসাব*	১২,১৪৮	১,২১০,৭৩০	৬,৬০১	১,২১৭,৩৪৬	৬৬১৬
মোট	২৫,৮১৫	১৪,৩০৯,৮৯৩	১৬,৫১২	১৪,৩২৫,১৬৩	১৬,৪০৮

১০/- টাকায় (কৃষকের হিসাবসহ) ও ১০০/- টাকায় হিসাব খোলার মাসিক অগ্রগতির তুলনামূলক চিত্র (চিত্র-৫ ও চিত্র-৬)

চিত্রঃ৫-সেপ্টেম্বর মাসান্তে মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা



চিত্রঃ ৬- অক্টোবর মাসান্তে মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা



বিশ্লেষণঃ ছক-৩ এর তথ্য অনুসারে ২০১৪ সালের সেপ্টেম্বর মাসে সকল শ্রেণীতে ১০/- টাকা ও ১০০/-টাকায় মোট ২৫,৮১৫টি হিসাব খোলা হয়েছিল। অন্যদিকে, অক্টোবর মাসে খোলা এ হিসাব সংখ্যা ৯,৯০৩(২৫,৮১৫-১৬৫১২)টি হ্রাস পেয়ে দাঁড়িয়েছে ১৬,৫১২টি। চিত্র-৫ ও ৬ অনুযায়ী অক্টোবর মাসান্তে ব্যাংকগুলোতে সকল শ্রেণীতে খোলা হিসাবের খাতের অবস্থান শতকরা হিসাবে পূর্ববর্তী সেপ্টেম্বর মাসের তুলনায় অপরিবর্তিত রয়েছে। অন্যদিকে, অক্টোবর মাসান্তে ব্যাংকগুলোতে সকল শ্রেণীতে মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা দাঁড়িয়েছে ১৪,৩২৫,১৬৩ টি (এক কোটি তেতাল্লিশ লক্ষ পঁচিশ হাজার একশত তেষট্টি)। এর মধ্যে কৃষকের হিসাব সংখ্যা সর্বোচ্চ শতকরা ৬৮%, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় খোলা ভাতাভোগীদের হিসাবের সংখ্যা শতকরা ২২%, মুক্তিযোদ্ধা খাতের আওতায় ১% এবং অন্যান্য ১০/- টাকার হিসাব শতকরা ৯%(চিত্রঃ ৬)। ছক-৩ অনুসারে অক্টোবর মাসান্তে ১০/- টাকায় ও ১০০/-টাকায় খোলা হিসাব সংখ্যা বৃদ্ধি পেয়েছে সর্বমোট ১৬,৪০৮টি (ষোল হাজার চারশত আট)হিসাব ।

--------০---------